

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শৃঙ্খলা বিষয়ক শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০৫.২০২৪. ৭৫


তারিখ: ২৫ মার্চ ১৪৩০ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব প্রনতি রানী দাস (১৩৬৮৪), সহকারী অধ্যাপক (মনোবিজ্ঞান), খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা, প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা শিক্ষা প্রেষণ শেষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ০৭/০২/২০২২ তারিখের ৩৭.০০.০০০০.৬৭.০২.০১৪.২০১৭.৩৬ নম্বর স্মারকে আপনাকে সরকারি ব্রজলাল কলেজ, খুলনায় পদায়ন করা হলেও পদায়নকৃত কলেজে আপনি যোগদান করেননি। এ ক্ষেত্রে আপনি কর্তৃপক্ষের আদেশ অমান্যকরণ করায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সরকারি কলেজ-১ শাখা হতে আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেছে;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ আচরণবিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

বর্তমান কর্মস্থল:

জনাব প্রনতি রানী দাস (১৩৬৮৪)

সহকারী অধ্যাপক (মনোবিজ্ঞান), খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা।

স্থায়ী ঠিকানা:

জনাব প্রনতি রানী দাস

পিতা: অনিল চন্দ্র দাস

গ্রাম: মাগুর ডাঙা, ডাকঘর: কেশবপুর; থানা: কেশবপুর, জেলা: যশোর।

অনুলিপি:


১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব প্রনতি রানী দাস (১৩৬৮৪), সহকারী অধ্যাপক (মনোবিজ্ঞান), খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা, প্রাক্তন বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা গত ২৩/০৮/২০১৬ তারিখ হতে ৩১/০৮/২০১৮ তারিখ পর্যন্ত এম ফিল গবেষণার জন্য শিক্ষা প্রেষণে ছিলেন এবং প্রেষণ শেষ করার ০৫ (পাঁচ) দিন পূর্বে ২৭/০৮/২০১৮ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে যোগদান করেন। তদপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক তাঁকে পদায়নের জন্য ১৬/০৬/২০১৯ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রস্তাব প্রেরণ করে এবং এ বিভাগের ০৭/০২/২০২২ তারিখের ৩৭.০০.০০০০.৬৭.০২.০১৪.২০১৭.৩৬ নম্বর স্মারকে তাঁকে সরকারি ব্রজলাল কলেজ, খুলনায় পদায়ন করা হয়। কিন্তু তিনি পদায়নকৃত কলেজে যোগদান করেননি। এতে তাঁর বিরুদ্ধে কর্তৃপক্ষের আদেশ অমান্যকরণ করার অভিযোগ উত্থাপিত হয়েছে;

জনাব প্রনতি রানী দাস (১৩৬৮৪), সহকারী অধ্যাপক (মনোবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর উক্তরূপ কার্যকলাপ আচরণবিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।


২২/০২/২৪
(সোলেমান খান)
সচিব